
ভোরের কাগজ 55

তারিখ ... AUG 01 1999 ...
পৃষ্ঠা ১০ কলাম ... ১ ......




ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট মিলনায়তনে গতকাল আপটেক ও ডেইলি স্টারের যৌথ উদ্যোগে অনুষ্ঠিত তথ্য প্রযুক্তি সংক্রান্ত সেমিনারের আলোচকবৃন্দ —ভোরের কাগজ

### ব্রাহ্মণবাড়িয়ায় তৃণমূল জনসংগঠনের সমাবেশে হামলা

# তদন্ত কমিটি মাদ্রাসার অধ্যক্ষ ও জামাত-শিবিরকে দায়ী করেছে

**কাগজ প্রতিবেদক** : অধিকাংশ মাদ্রাসার শিক্ষক ও মসজিদের ইমামের সম্যক ধর্মীয় জ্ঞান নেই। গোষ্ঠী বা বৈষয়িক স্বার্থে তারা ইসলামের নামে ধর্মভীরু জনগণকে বিভ্রান্ত ও ফতোয়াবাজি করছে। তবে এ সবের ব্যতিক্রমও আছে।

ব্রাহ্মণবাড়িয়ায় গত বছর ৭ ও ৮ ডিসেম্বর তৃণমূল জনসংগঠনের ওপর সাম্প্রদায়িক ফতোয়াবাজ গোষ্ঠীর হামলা সম্পর্কিত এক তদন্ত প্রতিবেদনে একথা বলা হয়েছে। গতকাল জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনের মাধ্যমে প্রতিবেদনটি প্রকাশ করা হয়। প্রতিবেদনে তৃণমূল জনসংগঠনের মিছিল ও সমাবেশের ওপর হামলার জন্য ব্রাহ্মণবাড়িয়ার কথিত বড়ো হুজুর জামিয়া ইসলামিয়া ইউনুসিয়া মাদ্রাসার (অধ্যক্ষ) মাওলানা সিরাজুল ইসলাম ও তার বাহিনী এবং স্থানীয় জামাত-শিবির মৌলবাদী গোষ্ঠীকে দায়ী করা হয়। হামলার পর সরকারি দল আওয়ামী লীগের ভূমিকার সমালোচনা করে তদন্ত প্রতিবেদনে বলা হয়, তাদের নীরবতা পালন প্রকারান্তরে মৌলবাদী সন্ত্রাসীদের সমর্থন দিয়েছে।

৫টি বেসরকারি সংস্থার (এনজিও) প্রতিনিধিদের সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। এনজিওগুলো হচ্ছে : আইন সহায়তা পরিষদ, মানবাধিকার কেন্দ্র, মহিলা পরিষদ জেলা শাখা, সাহিত্য একাডেমি ও ব্রাহ্মণবাড়িয়া জেলা আইনজীবী সমিতি। ১০ সদস্যের এ তদন্ত কমিটির আহ্বায়ক এডভোকেট আকছির এম. চৌধুরী সংবাদ সম্মেলনে তদন্ত প্রতিবেদন উপস্থাপন করেন। এতে অন্যদের মধ্যে আছারারুল নবী মোবারক, এডভোকেট শরীফ হোসেন, এডভোকেট ওয়াছেক আলী, নন্দিতা গুহ, ফজলুল হক মধা প্রমুখ উপস্থিত ছিলেন।

তদন্ত প্রতিবেদনে শিক্ষানীতির অধীনে একটি নীতিমালা তৈরি করে আধুনিক শিক্ষার সঙ্গে মাদ্রাসা শিক্ষার দূরত্ব কমাতে সারা দেশের মাদ্রাসা শিক্ষা পরিচালনার সুপারিশ করা হয়েছে।

## ঢাবিতে ২ দিনব্যাপী পুস্তক প্রদর্শনী শুরু

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক** : ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক কর্মকর্তাদের লিখিত-সম্পাদিত পুস্তকের প্রদর্শনী গতকাল শনিবার থেকে টিএসসিতে শুরু হয়েছে। ২ দিনব্যাপী এ প্রদর্শনীতে ১২ শতাধিক বই ও সাময়িকী স্থান পেয়েছে।

পুস্তক প্রদর্শনীর উদ্বোধনী ভাষণে উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী বলেন, জ্ঞানার্জনের প্রকৃষ্ট বাহন হচ্ছে পুস্তক, যার মাধ্যমে জ্ঞান পৌঁছে যায় এক প্রজন্ম থেকে অন্য প্রজন্মে। পুস্তক প্রদর্শনী কমিটির সভাপতি অধ্যাপক শাহাদাত আলীর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আ ফ ম ইউসুফ হায়দার, রেজিস্ট্রার মুহাম্মদ সেলিম ও ড. বিমল গুহ।

প্রদর্শনীতে কোনো বই বিক্রির ব্যবস্থা রাখা হয়নি। শুধুমাত্র যেসব শিক্ষক তাদের লিখিত বা সম্পাদিত বইয়ের তালিকা প্রদর্শনী কমিটির কাছে জমা দিয়েছেন সেসব বই ঠাঁই পেয়েছে এ প্রদর্শনীতে। এ ছাড়া আছে বিশ্ববিদ্যালয় প্রকাশনা সংস্থা থেকে প্রকাশিত বইসমূহ। প্রদর্শনীর গ্রন্থ তালিকা ঢাকা বিশ্ববিদ্যালয় ওয়েভ পেইজে অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রদর্শনী আজ বিকাল ৫টা পর্যন্ত চলবে।